

শাহজালালে ভেঙে পড়লো কুয়েত এয়ারওয়েজ ফ্লাইটের দরজা

- A Monitor Desk Report

Date: 06 November, 2024



ঢাকাঃ ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের বোর্ডিং ব্রিজ-৬ হাং নিচে নেমে গিয়ে কুয়েত এয়ারওয়েজের একটি ফ্লাইটের দরজা ভেঙে গেছে।

বুধবার (৬ নভেম্বর) রাত ২টা ২০ মিনিটে বোয়িং ৭৭৭-৩০০ মডেলের ফ্লাইটে এ ঘটনা ঘটে।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দায়িত্বশীল সূত্র বিষয়টি নিশ্চিত করে জানায়, কুয়েত এয়ারওয়েজের কেইউ-২৮৩ ফ্লাইটটি রাত দেড়টায় কুয়েত থেকে যাত্রী নিয়ে ঢাকায় অবতরণ করে। যাত্রীরা ফ্লাইট থেকে নামার পরপরই দরজা ভেঙে যায়।

দরজা ভেঙে পড়ার সময় ফ্লাইটটির ভেতরে শুধুমাত্র পাইলট ও কেবিন ক্রুরা ছিলেন। ফ্লাইটের ক্যাপ্টেনের দায়িত্বে ছিলেন কুয়েতের নাগরিক আজবালি মোহাম্মদ।

এই ফ্লাইটটির রাত পৌনে ৩ টার দিকে ২৮৪ জন যাত্রী নিয়ে ঢাকা থেকে কুয়েত যাওয়ার কথা ছিল।

ঘটনার এক প্রত্যক্ষদর্শী বলেন, সাধারণত ফ্লাইটে যখন যাত্রী বা লোড থাকে ফ্লাইটের অবস্থান কিছুটা নিচের দিকে চেপে থাকে। যাত্রী নামার পর প্লেনের লোড কমে গেলে ফ্লাইট কিছুটা উপরে উঠে যায়।

এই ফ্লাইটের যাত্রী নেমে যাওয়ার পর ফ্লাইটটি কিছুটা উপরের দিকে উঠে তবে বোর্ডিং ব্রিজ নিচেই ছিল, ফলে ব্রিজের সঙ্গে লেগে প্লেনের দরজা পুরোপুরি ভেঙে যায়।

তিনি আরও বলেন, সাধারণ ফ্লাইটের সঙ্গে বোর্ডিং ব্রিজের একটি গ্যাপ থাকতে হয়। এই ফ্লাইটের সঙ্গে বোর্ডিং ব্রিজ লাগানো ছিল, মাঝে কোন গ্যাপ ছিল না।

কুয়েত এয়ারওয়েজ সূত্র জানায়, দরজা ভেঙে যাওয়ার কারণে কুয়েতগামী যাত্রীরা বিমানবন্দরের ওয়েটিং লাউঞ্জে অবস্থান করছেন। তাদের এয়ারপোর্ট থেকে হোটেলে পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে।

কুয়েতের আরেকটি ফ্লাইট ঢাকায় এসে তাদের নিয়ে যাবে। এছাড়াও যাদের কুয়েত থেকে কানেস্টিং ফ্লাইট ছিল তাদের বিনামূল্যে স্ব স্ব গন্তব্যে পাঠানোর ব্যবস্থা করা হবে।

-B